বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি- মে, ২০১৭

অনূর্ধ্ব ২৩ এবং জাতীয় দলের হেড কোচ

অস্ট্রেলিয়ান কোচ অ্যান্ড্রু ওর্ডকে অ২৩ এবং জাতীয় দলের হেড কোচ হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। ৩৭ বছর বয়সী ওর্ড বর্তমানে অস্ট্রেলিয়ান এ লিগ ক্লাব পার্থ গ্লোরির সহকারী কোচ হিসেবে দায়িত্বরত আছেন। একই সাথে তিনি বর্তমান এশিয়ান চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার জাতীয় দলের টেকনিক্যাল স্টাফ দলের সদস্য হিসেবেও কাজ করছেন।

এই জুনে অ-২৩ এবং জাতীয় দলের সঙ্গে কাজ শুরু করবেন তিনি। ইতোপূর্বে থাইল্যান্ড এবং মায়ানমারসহ এশিয়ার বেশ কয়েকটি দলের সঙ্গে কাজ করেছেন ওর্ড। অস্ট্রেলিয়ায় পার্থ গ্লোরিতে যোগ দেয়ার আগে তিনি মায়ানমারের ইয়াঙ্গুন ইউনাইটেডের সাথে একটি একাডেমি গড়ে তোলার কাজে যুক্ত ছিলেন যা দেশটির ইতিহাসে প্রথমবারের মতো আয়োজিত ইয়ুথ প্রোগ্রামের গুরুত্বপূর্ণ অংশ ছিল।

ফিফার দেয়া ডিজিটাল রেজিস্ট্রেশন সিস্টেম পেতে যাচ্ছে বাফুফে

স্টেক হোল্ডারদের যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য কম্পিউটারভিত্তিক রেজিস্ট্রেশন সিস্টেম চালু করতে যাচ্ছে বাফুফে। এই সিস্টেমের মাধ্যমে প্রতিটি জেলার ক্লাব, খেলোয়াড়, কর্মকর্তা, কোচ এবং রেফারির তথ্য সংগ্রহণ করে ডিজিটাল ডেটাবেস সংরক্ষণ করা হবে।

“ফিফা কানেক্ট” নামের এই প্লাটফর্মের মাধ্যমে ফুটবলের সাথে জড়িত পেশাদার বা অপেশাদার ব্যক্তিবর্গ ও তাদের কার্যক্রমের শনাক্ত করা সহজ হবে।

এ বছরের মধ্যে সফটওয়্যারটি চালু এবং চাহিদা সম্পর্কে জানতে ইতোমধ্যে ফিফার সহায়ক প্রতিষ্ঠানের একজন বিশেষজ্ঞ দুই দিনের সফরে বাফুফে পরিদর্শন করেন।

সফটওয়্যারটির সম্পূর্ণ ডেভেলপমেন্ট শেষ হলে স্থানীয়দের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সফটওয়্যারটি ফিফা দেয়া হলেও তা ব্যবহার করে সংরক্ষিত সব তথ্য বাফুফের মালিকাধীন থাকবে।

গোলকিপিং কোচদের জন্য কোর্স

এএফসির অভিজ্ঞ নির্দেশক ডিন মে-এর তত্ত্বাবধানে দেশে প্রথমবারের মতো এএফসি গোলকিপিং কোচিং লেভেল ১ সার্টিফিকেট কোর্সের আয়োজন করেছে বাফুফে। অস্ট্রেলিয়ান ফুটবল ফেডারেশনের জাতীয় গোলকিপার ডেভেলপমেন্ট ম্যানেজারের উপস্থিতিতে শুরু হওয়া এই ছয় দিনের কোর্সটি বাফুফের এ বছরের ফুটবল উন্নয়ন পরিকল্পনার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ ছিল। থিওরি, টেকনিক্যাল দিক পর্যালোচনার পাশাপাশি এই প্রোগ্রামে একজন দক্ষ গোলকিপিং কোচ হতে হলে যা যা জানা দরকার তা নিয়ে হাতেকলমে শিক্ষা দেয়া হয়েছে।

ফিফা কাউন্সিলে বাংলাদেশের মাহফুজা আক্তার কিরন

সম্প্রতি ফিফার নির্বাহী কমিটিতে এশিয়া অঞ্চল থেকে নির্বাচিত হয়েছেন বাফুফের মহিলা কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরন। বাহরাইনে অনুষ্ঠিত ২৭তম এশিয়ান ফুটবল কংগ্রেসে অস্ট্রেলিয়ার ময়া ডড কে ২৭-১৭ ভোটের ব্যবধানে হারিয়ে জয়ী হন কিরন।

এমন গৌরবময় বিজয়ের পর কিরন বলেন "বাংলাদেশের প্রতিনিধি হিসেবে এই নির্বাচনে আমাকে সুযোগ দেয়ার জন্য আমি সরকার এবং মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাই। এশিয়ার দেশগুলো আমাকে এই গুরুদায়িত্ব পালনের জন্য নির্বাচিত করায় সম্মানিত বোধ করছি।"

কিরনের সাফল্যে অভিভূত বাফুফে প্রেসিডেন্ট কাজী সালাউদ্দিন সদস্য দেশগুলোকে সমর্থনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন "এটা বাংলাদেশের ফুটবলে ল্যান্ডমার্ক হয়ে থাকবে। প্রথমবারের মতো বাংলাদেশের কেউ ফিফার কমিটিতে সদস্যপদ পেল এবং এর মাধ্যমে দেশের ফুটবলে সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে বলে আমি মনে করি।"

ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো কিরনকে শুভেচ্ছা জানিয়ে বলেন "ফিফা কমিটির সদস্য হিসেবে ফুটবলের সামগ্রিক উন্নয়নে আপনি গুরুত্বপূর্ণ অবদান রাখবেন বলে আশা করি। "

অ-১৬ ট্রেনিং

এ বছর অ-১৬ প্রমীলা দল এএফসি ফাইনালসে খেলবে যা একই সাথে অ-১৭ বিশ্বকাপের কোয়ালিফায়ার ম্যাচ হিসেবেও বিবেচিত হবে।

বাফুফের এ বছরের পরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বেশ কয়েক মাস ধরে এই অ-১৬ দলটি আবাসিক ক্যাম্পে নিবিড় অনুশীলন চালিয়ে যাচ্ছে। সম্প্রতি তারা দিনে তিনবার করে ট্রেনিং প্র্যাকটিস করছে যার ফলে তাদের ফিটনেসে ইতিবাচক পরিবর্তন এসেছে।

সকাল সাতটা থেকে দুই ঘন্টা ট্রেনিং শেষ করে অ-১৬ মেয়েরা শারীরিক ও মানসিক উন্নতির জন্য রিহ্যাব সেশনে অংশ নেয়। ১১ থেকে ১২টা পর্যন্ত এই সেশন সেরে কোর এবং ফ্লেক্সিবিলিটি সেশনে অংস নেয় তারা। এরপর বেলা ১টা ১৫ থেকে এক ঘন্টা ধরে প্র্যাকটিকাল সেশন আয়োজন করা হয়।

অ-১৬ মেয়েদের পাশে গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স এবং ব্র্যাক

বাংলাদেশ অ-১৬ প্রমীলা দলের সব সদস্যদের স্বাস্থ্য ও জীবন বীমা সুবিধা দিতে এগিয়ে এসেছে গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি এবং ব্র্যাক।

ওয়ালটন অ-১৮ চ্যাম্পিয়নশীপ

চলতি বছরের এপ্রিলে শুরু হওয়া অ-১৮ জাতীয় চ্যাম্পিয়নশিপ গত মাসে সফলভাবে শেষ হয়েছে। প্রতিযোগিতায় ট্রাইবেকারে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ঢাকা জেলাকে ৪-২ ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বিকেএসপি। এগারো বছর পর আবার আয়োজিত এই টুর্নামেন্টটিকে ঘিরে বেশ ভাল সাড়া পাওয়া গিয়েছে।

অ-১৬ পাইওনিয়ার লিগ
উত্তর ও দক্ষিণ ঢাকা সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে শহরের ছয়টি ভেন্যুতে পাইওনিয়ার লিগ টুর্নামেন্ট শুরু হয়েছে। বয়সভিত্তিক পর্যায় থেকে প্রতিভা তুলে আনতে এই টুর্নামেন্টটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ফেডারেশন কাপ
গত মাসে শুরু হওয়া ওয়ালটন ফেডারেশন কাপ ২০১৭ এর মাধ্যমে নতুন ফুটবল মৌসুম শুরু হয়েছে। এবার আরো বেশি পরিমাণে প্রতিভা উঠে আসবে বলে আমরা আশা করছি। এ মোসুমে বিদেশী খেলোয়াড় কৌটা তিন থেকে কমিয়ে দুই করা হয়েছে। এর ফলে গুরুত্বপূর্ণ পজিশনে স্থানীয় খেলোয়াড়েরা বেশি সুযোগ পাবে।

এবার প্রতি গ্রুপ থেকে দুটি করে দল নকআউট পর্যায়ে খেলার সুযোগ পাবে। আবাহনী, মোহামেডানের মতো বড় ক্লাবগুলোর পাশাপাশি আরো দশটি ক্লাব দেশের সবচেয়ে বড় ফুটবল টুর্নামেন্টে অংশ নিচ্ছে।

সাইফ পাওয়ারটেক প্রথম বিভাগ ফুটবল

সাইফ পাওয়ারটেক ফুটবলের এবারের আসরে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে স্বাধীনতা ক্রীড়া সংঘ। প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেছে যথাক্রমে ওয়ারী ক্লাব এবং যাত্রাবাড়ি ক্রীড়া চক্র। অন্যদিকে লীগ টেবিলে সর্বশেষ স্থানে থেকে রেলিগেশনের শিকার হয়েছে বাড্ডা জাগরণী সংসদ।

ঢাকা আবাহনী বনাম মোহনবাগান
ভারতের মোহনবাগানের সাথে ১-১ গোলে ড্র করে করে দুর্ভাগ্যবশত এএফসি কাপ ২০১৭ থেকে ছিটকে পড়েছে ঢাকা আবাহনী। গত ৩১ মে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ম্যাচের শেষের দিকে গোল হজম করে গ্রুপ পর্ব থেকে বিদায় নেয় ঢাকা আবাহনী।